# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪৬২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা যা উল্লেখ করলাম যে, আরবরা অনেক সময় সূচনাতেই এমন নাম ব্যবহার করে, যা ভবিষ্যতে সংঘটিত হওয়ার সম্ভাবনা রয়েছে- এই ব্যাপারে নবম হাদীস

ذِكْرُ خَبَرٍ تَاسِعٍ يَدُلُّ عَلَى صِحَّةِ مَا ذَكَرْنَا أَنَّ الْعَرَبَ تُطْلِقُ اسْمَ الْمُتَوَقَّعِ مِنَ الشَّيْءِ فِي النِّهَايَةِ عَلَى الْبِدَايَةِ

---

আরবী

1462 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ الْحَنْظَلِيُّ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عُبَيْدٍ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَمْرٍو عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (الْمِرَاءُ فِي القرآن كُفْرٌ)
الراوي : بُرَيْدَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1462 | خلاصة حكم المحدث. حسن صحيح - ((المشكاة)) (236) , ((الروض)) (1124 و 1125).
قَالَ أَبُو حَاتِمٍ: إِذَا مَارَى الْمَرْءُ فِي الْقُرْآنِ أَدَّاه ذَلِكَ ـ إِنْ لَمْ يَعْصِمْهُ اللَّهُ ـ إِلَى أَنْ يَرْتَابَ فِي الْآيِ الْمُتَشَابِهِ مِنْهُ وَإِذَا ارْتَابَ فِي بَعْضِهِ أَدَّاهُ ذَلِكَ إِلَى الْجَحْدِ فَأَطْلَقَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اسْمَ الْكُفْرِ الَّذِي هُوَ الْجَحْدُ عَلَى بِدَايَةِ سَبَبِهِ الَّذِي هُوَ الْمِرَاءُ.

বাংলা

১৪৬২. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “কুরআনের ব্যাপারে বাদানুবাদ করা কুফর।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “কোন ব্যক্তি কুরআনের ব্যাপারে বাদানুবাদে লিপ্ত হলে, যদি তাকে হেফাযত না করেন, তবে এটি তাকে কুরআনের দ্ব্যর্থবোধক (দুর্বোধ্য) আয়াতে ব্যাপারে তাকে সন্দেহে নিপতিত করে, আর যখন কোন ব্যক্তি কুরআনের কোন আয়াতের ব্যাপারে সংশয়ে লিপ্ত হয়, তখন এটি তাকে কুফরের

দিকে ঠেলে দেয়। কাজেই এখানে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কুফরের উপকরণ অর্থাৎ বাদানুবাদকে কুফরের ক্ষেত্রে ব্যবহার করেছেন। কুফর হলো অস্বীকার করা।”

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৫২৮; আবূ দাঊদ: ৪৬০৩; হাকিম: ২/২২৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/৫২৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (মিশকাত: ২৩৬)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90777

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন